

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি

আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে মেসার্স পপুলার ফার্মেসি এর স্বত্বাধিকারী জনাব রাখেশ বিশ্বাস, পিতা- স্বর্গীয় তপন কুমার বিশ্বাস, মাতা - শিপ্রা বিশ্বাস, ব্যবসায়িক ঠিকানা-পপুলার ফার্মেসী, ১৫৯/এ, হাজারী মার্কেট, হাজারী লেইন, দ্বিতীয় তলা, আন্দরকিল্লা, পোস্ট অফিস : ৪০০০, থানা: কোতোয়ালি, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা ১৭৯/১৮৯, নবগ্রহ বাড়ী, ৬৫/৬ হাজারী লেন, লালদীঘির পশ্চিম পাড়, আন্দরকিল্লা রোড, আন্দরকিল্লা, থানা : কোতোয়ালি পোস্ট অফিস : জিপিও পোস্ট-৪০০০ জেলা : চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা-৩২৫, বিশ্বাস বাড়ী, গহিরা, রাউজান, চট্টগ্রাম কর্তৃক ইউসিবি পিএলসি, আন্দরকিল্লা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৫/০৪/২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,৩৫,১৭,৫৬৪.০৮ (দুই কোটি পয়ত্রিশ লক্ষ সতের হাজার পাঁচশত চৌষট্টি টাকা আট পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

জায়গার পরিমান-৩.৬১ ডেসিমেল, জেলা-চট্টগ্রাম, মৌজা- আন্দরকিল্লা, থানা- কোতোয়ালী, এলাকা সদর সাব রেজিস্ট্রী অফিস, জে এল নং-১১, রেজিস্ট্রার্ড বিক্রয় কবলা নং-১০৫৮০ তারিখ-১৪/০৭/২০১৪ইং এবং কবলা নং-২২৭৪ তারিখ-২৮/০৩/২০০২ ইং মতে সম্পত্তির মালিকানা এবং দখল সত্ত্বে তপন কুমার বিশ্বাস যাহার আর. এস. খতিয়ান নং-৬৫৪, ১২১২, ৩৫০(৩৮০), আর.এস. দাগ নং-১৫৬৫, ১৫৬৪, ১৫৬৩, ১৫৫০, পি.এস. খতিয়ান নং- $\frac{১৬৩}{২০০/১}$, $\frac{১৬৪}{২০০}$, $\frac{১৬৪}{২০০/২}$, $\frac{১৬৬}{২০৮}$, পি.এস. দাগ নং- ৭২৬, ৭২৭, ৭২৮, ৭২৮/১২৫৩, ৭২৯, ৭৩০, ৭৩১, ৭৫৩, ৭৫৬, ৭৫৭, ৭৫৮, ৭৫৯, ৭৬৩, বি. এস. খতিয়ান নং-২৭, ২৬, ৪০, ৬৩৮, ৪৫৩, বি এস দাগ নং-২৭৭১, ২৭৭২, ২৭৭৩, ২৭৭৪, ২৮২৮, ২৮২৭, ২৮২৫, ২৮২৯ পূর্ববর্তী বি. এস. নামজারী খতিয়ান নং-৯৭২, ৯৭২/১, বর্তমান বি. এস. নামজারী খতিয়ান নং-৯৭২ এবং ১৪২৩, বি এস দাগ নং-২৭৭১, ২৭৭২, ২৭৭৩, ২৭৭৪, ২৮২৫, ২৮২৮, ২৮২৯, জায়গার পরিমান-৩.৬১ ডেসিমেল, দোকান, রাস্তা খিলা এবং বাড়ী সাথে ষষ্ঠ তলা বিশিষ্ট আবাসিক বাসভবন।

সীমানা -উত্তর : দোকান ও সড়ক, দক্ষিণ : নালা এবং তদুপরি সোনালী ব্যাংক, পূর্ব : দোকান এবং তদুপরি বিশ্বাস পরিবারের দোকান, পশ্চিম: বড়ুয়া পরিবারের দোকান।

ঃ-নিলামের শর্তাবলী ঃ-

- আগামী ০৩/০৫/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিঃ, আন্দরকিল্লা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিঃ, আন্দরকিল্লা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নসাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নসাক্ষরকারী অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিঃ, আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম।